১। ছবিসহ ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি ও স্মার্ট জাতীয় পরিচয়পত্র সরবরাহ : ছবিসহ ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসে যোগাযোগ করে ভোটার নিবন্ধন ফরম-২ পূরণ ও ভোটার তালিকা আইন অনুযায়ী সকল শর্ত পূরণ সাপেক্ষে তালিকায় নাম অন্তর্ভুক্ত করা যাবে। ভোটার তালিকাভুক্ত হলে এবং নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক স্মার্ট জাতীয় পরিচয়পত্র সরবরাহ সাপেক্ষে বিতরণ করা হয়।

২। জাতীয় পরিচয়পত্রের ভুল সংশোধন : জাতীয় পরিচয়পত্রের কোন তথ্যের সংশোধনের জন্য অনলাইনে আবেদন করতে হবে।

৩।হারানো জাতীয় পরিচয়পত্রের ডুপ্লিকেট কপি সরবরাহ : জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৪। ভোটার স্থানান্তর : কোন ভোটার এক এলাকা হতে অন্য এলাকায় স্থানান্তর করতে হলে যে এলাকায় স্থানান্তর হতে ইচ্ছুক সেই এলাকার উপজেলা নির্বাচন অফিস হতে ভোটার স্থানান্তরের ফরম সংগ্রহ করে প্রয়োজনীয়ঁ তথ্য ও অন্যান্য শর্তাবলী পূরণ পূর্বক উক্ত নির্বাচন অফিসে পূরণকৃত ফরম দাখিল করতে হবে।

৫। ভোটার তালিকা প্রদর্শন : সরকার কর্তৃক নির্ধারিত ফিসহ আবেদনের প্রেক্ষিতে ভোটার তালিকা প্রদর্শন করা হয়।

৬। ভোটার তালিকার প্রত্যায়িত কপি : সরকার কর্তৃক নির্ধারিত ফিসহ আবেদনের প্রেক্ষিতে ভোটার তালিকা প্রত্যায়িত কপি সরবরাহ করা হয়।

৭। ভোটার তালিকার সিডি সরবরাহ : নির্বাচনের তফসিল ঘোষনা হতে সরকার কর্তৃক নির্ধারিত ফিসহ আবেদনের প্রেক্ষিতে ভোটার তালিকার সিডি সরবরাহ করা হয়।